

১১/৫/০২

ইদরিক ইত্তেফাক

এমপি'র হাতে ইউএনও লাঞ্ছিত 'এখনই এসি গাড়ী পয়দা কর মিয়া'

রংপুর সংবাদদাতা ॥ শিক্ষা প্রতিমন্ত্রী
আনাম এহছানুল হকের জন্য আধুনিক
শীতাতপ নিয়ন্ত্রিত গাড়ী না আনায় গতকাল

(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ প্রঃ)

এমপির হাতে ইউএনও (প্রথম পৃষ্ঠার পর)

মঙ্গলবার দুপুরে সৈয়দপুর বিমানবন্দরে মন্ত্রীর
উপস্থিতিতে চিরিবন্দর উপজেলা নির্বাহী
কর্মকর্তা আলিনুর রহমানকে দিনাজপুরের
বিএনপির এমপি আখতারুজ্জামান মিয়া
চরমভাবে লাঞ্ছিত করেছেন। পরে ক্ষুব্ধ
মন্ত্রীকে রংপুর পাউবোর একটি শীতাতপ
নিয়ন্ত্রিত গাড়ীতে করে দিনাজপুরে পৌছে দেয়া
হয়। জানা যায় গতকাল দিনাজপুরের বিভিন্ন
কর্মসূচীতে যোগ দেয়ার জন্য মন্ত্রী বিমানযোগে
সৈয়দপুরে এসে দেখেন তার জন্য একটি
সাধারণ জীপ আনা হয়েছে। এই জীপ দেখে
মন্ত্রী চরম ক্ষোভ প্রকাশ করে বিমানবন্দরের
গাড়ীতে উঠে ভিআইপি রেষ্ট হাউসে চলে
যান। শীতাতপ নিয়ন্ত্রিত গাড়ী না আনার
কারণে মন্ত্রীকে স্বাগত জানাতে আসা
দিনাজপুর-৪ (চিরিবন্দর খানসামা) আসনের
বিএনপির এমপি আখতারুজ্জামান মিয়া
তেলেবেগনে জুলে উঠে ইউএনও আলিনুর
রহমানকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন।
'এখনই এসি গাড়ী পয়দা কর মিয়া' বলে
ছমকি দেন।